

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মানিক মিয়া

## ‘মধ্যম আয়ের দেশে পৌঁছাতে কারিগরি শিক্ষায় বিপ্লবের বিকল্প নেই’



২৯ অক্টোবর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

### ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তারা বলেছেন, ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পৌঁছাতে কারিগরি শিক্ষায় বিপ্লবের বিকল্প নেই। পাশাপাশি কারিগরি শিক্ষায় শিক্ষিত গ্রাজুয়েটদের কর্মসংস্থানে দেশীয় শিল্প বিস্তারও গুরুত্বপূর্ণ। সে লক্ষ্যে দেশীয় শিল্পকে ব্যাংক ঋণ সুবিধা, আমদানি-রপ্তানিতে কর অবকাশ, বিনিয়োগ পরিবেশসহ সব ধরনের সুবিধা দিতে হবে। কেননা, কারিগরি শিক্ষায় শিক্ষার্থীদের আকৃষ্ট করার সঙ্গে দেশীয় শিল্প বিস্তার ওতপ্রোতভাবে জড়িত।

গতকাল রবিবার ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির (এনআইইটি) নবীন শিক্ষার্থী বরণ এবং পুরনোদের সংবর্ধনা উপলক্ষে ওই অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রতিষ্ঠানটির অষ্টম সেমিস্টারের শিক্ষার্থীদের ইন্টার্নশিপের জন্য অনুষ্ঠানে দেশের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা চুক্তিও স্বাক্ষরিত হয়।

এনআইইটির চেয়ারম্যান প্রকৌশলী মো. আব্দুল আলিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন সংসদ সদস্য আলহাজ নজরুল ইসলাম বাবু। বিশেষ অতিথির বক্তৃতা করেন কারিগরি শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান। অনুষ্ঠানে অন্যদের মধ্যে ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির অধ্যাপক আবু রায়হান, ঢাকা উত্তর সিটি করপোরেশনের কাউন্সিলর শেখ মুজিবুর রহমান, কারিগরি শিক্ষা বোর্ডের উপ-পরিদর্শক বিজয় কুমার ঘোষ, বাংলাদেশ প্রাইভেট পলিটেকনিক ওনার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক শামীম মাহবুব বক্তৃতা করেন। এনআইইটির সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষরকারী শিল্পোদ্যোগদেদের মধ্যে ওয়েস্টার্ন মেরিন শিপ ইয়ার্ডের ব্যবস্থাপনা পরিচালক শাখাওয়াত হোসেন, মিথিলা গ্রুপের চেয়ারম্যান মোঃ আজহার খান প্রমুখ বক্তব্য রাখেন।

